

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
বাজেট শাখা-১১

নং-০৭.১১১.০৩১.০১.০০.০১৪.২০১০-১৮

তারিখ: ১২/০১/২০১৭ খ্রিঃ।

পরিপত্র

বিষয়: বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এবং এর অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/পরিদপ্তর/সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পের আওতায় প্রশিক্ষণ/সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত কর্মকান্ড পরিচালনা ও ব্যয়ের হার সংক্রান্ত।

অর্থ বিভাগ কর্তৃক ১৬ আগষ্ট, ২০১৫ এ জারীকৃত Delegation of Financial Power for Development Projects- শীর্ষক পুস্তিকায় প্রশিক্ষণ/সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত কর্মকান্ড পরিচালনার জন্য প্রকল্প দলিলে কোন হার ও নীতিমালা না থাকলে সেক্ষেত্রে প্রশিক্ষণ ভাতা, প্রশিক্ষণ ফি, আপ্যায়ন হার ইত্যাদি বিষয়ে অর্থ বিভাগের অনুমোদনক্রমে পরিপত্র জারী করার বিধান রয়েছে।


উন্নয়ন প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নের সুবিধার্থে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এবং এর অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/পরিদপ্তর/সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন যে সকল উন্নয়ন প্রকল্পের প্রকল্প দলিলে প্রশিক্ষণ/সেমিনার/ওয়ার্কশপ- এর জন্য বাজেট বরাদ্দ আছে কিন্তু এ সংক্রান্ত কর্মকান্ডের জন্য আইটেম ভিত্তিক কোন হার নির্ধারণ করা নেই, সে সকল প্রকল্পের উক্ত কর্মকান্ডগুলো বাস্তবায়নের জন্য প্রকল্পের অর্থায়নের উৎস নির্বিশেষে সাধারণ ক্যাটাগরীর কতিপয় ক্ষেত্রে নিম্নরূপ হার নির্ধারণ করা হলো এবং কিছু কিছু বিশেষ ক্ষেত্রে প্রকল্পের প্রকল্প পরিচালক এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের মুখ্য হিসাব রক্ষণ কর্মকর্তাকে ক্ষমতা অর্পণ করা হলো :

আইটেম	নির্ধারিত হার (টাকায়)
<b>১। প্রশিক্ষণ :</b>	
<b>ক) প্রশিক্ষণার্থী/অংশগ্রহণকারী :</b>	
(১) জনপ্রতি ভাতা (বহিরাগত)	৪৫০-১১০০/-
(২) জনপ্রতি ভাতা (স্থানীয়)	অর্ধদিবসঃ ৩০০/- পূর্ণ দিবসঃ ৫০০/-
(৩) জনপ্রতি দৈনিক যাতায়াত ভাতা (স্থানীয়)	১৫০-২৫০/-
(৪) জনপ্রতি যাতায়াত ভাতা (বহিরাগত)- এককালীন	প্রশাসনিক মন্ত্রণালয়ের মুখ্য হিসাব রক্ষণ কর্মকর্তার অনুমোদনক্রমে হার নির্ধারণ করতে হবে।
<b>খ) রিসোর্স পার্সন/প্রশিক্ষক</b>	
(১) ঘন্টা প্রতি হার	১১৫০/-
(২) জনপ্রতি ভাতা (বহিরাগত)	প্রশাসনিক মন্ত্রণালয়ের মুখ্য হিসাব রক্ষণ কর্মকর্তার অনুমোদনক্রমে হার নির্ধারণ করতে হবে।
(৩) জনপ্রতি যাতায়াত ভাতা (বহিরাগত)- এককালীন	
<b>(গ) কোর্স পরিচালক (প্রযোজ্য ক্ষেত্রে)</b>	
১) সম্মানী ভাতা-প্রতিকোর্সের জন্য এককালীন	৬০০০/-
<b>(ঘ) কোর্স কোঅর্ডিনেটর (প্রযোজ্য ক্ষেত্রে)</b>	
১) সম্মানী ভাতা-প্রতিকোর্সের জন্য এককালীন	৪০০০/-
<b>(ঙ) আপ্যায়ন</b>	
(১) রিফ্রেসমেন্ট (চা-নাস্তা) জনপ্রতি (অর্ধবেলার জন্য ১বার এবং সারাদিন ব্যাপী হলে ২বার রিফ্রেসমেন্ট এর ব্যবস্থা করা যাবে)	প্রতিবারের জন্য ৪০/- টাকা
(২) উদ্বোধনী/সমাপনী দুপুরের খাবার/রাতের খাবার জনপ্রতি	উপজেলা ৩০০/- জেলা শহর ৪০০/- ঢাকাসহ অন্যান্য বিভাগীয় শহর ৪৫০/-

আইটেম	নির্ধারিত হার (টাকায়)
<b>২। সেমিনার/ওয়ার্কশপ</b>	
ক) রিফ্রেসমেন্ট (চা-নাস্তা) জনপ্রতি (অর্ধবেলার জন্য ১বার এবং সারাদিন ব্যাপী হলে ২বার রিফ্রেসমেন্ট এর ব্যবস্থা করা যাবে)	প্রতিবারের জন্য ৪০ টাকা
খ) দুপুরের খাবার জনপ্রতি	উপজেলা ৩০০/- জেলা শহর ৪০০/- ঢাকাসহ অন্যান্য বিভাগীয় শহর ৪৫০/-  জাতীয়/আন্তর্জাতিক সেমিনার/ওয়ার্কশপের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ের মুখ্য হিসাব রক্ষণ কর্মকর্তার অনুমোদনক্রমে হার নির্ধারণ করতে হবে।
গ) অনধিক ৩ ঘণ্টাব্যাপী সেমিনার/ওয়ার্কশপের জন্য শুধুমাত্র রিফ্রেসমেন্ট-এর ব্যবস্থা করতে হবে।	
৩। স্থান নির্বিশেষে এ ধরনের প্রশিক্ষণ/সেমিনার/ওয়ার্কশপের জন্য হল ভাড়া, সাউন্ড সিস্টেম, ব্যানার, স্টেশনারী, ব্যাগ ইত্যাদি প্রকল্পের প্রকৃত প্রয়োজন অনুযায়ী কৃচ্ছতা অবলম্বনের মাধ্যমে প্রকল্প পরিচালক কর্তৃক নির্ধারণ করতে হবে।	

৪। উপর্যুক্ত আইটেমের বাইরে প্রকল্পের বিশেষত্ব অনুযায়ী অন্য কোন আইটেমের হার ডিপিপিতে বরাদ্দ সাপেক্ষে অর্থ বিভাগকে অবহিত রেখে প্রশাসনিক মন্ত্রণালয়ের মুখ্য হিসাব রক্ষণ কর্মকর্তার অনুমোদনক্রমে নির্ধারণ করতে হবে।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

  
 (শাহাবুদ্দিন আহমদ)  
 অতিরিক্ত সচিব  
 ফোনঃ ৯৫৭৬০০৯

বিতরণঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ৩। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ।
- ৪। সচিব, ..... মন্ত্রণালয়/বিভাগ।
- ৫। সদস্য, ..... বিভাগ, পরিকল্পনা কমিশন।
- ৬। হিসাব মহানিয়ন্ত্রক, অর্থ মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
- ৭। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
- ৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ..... মন্ত্রণালয়/বিভাগ।